



## নববর্ষের শুভেচ্ছা

১৪২৭ বঙ্গাব্দের পয়লা বৈশাখে আমার সকল সহকর্মীকে নববর্ষের শুভেচ্ছা জানাই । বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, আধিকারিক ও শিক্ষাকর্মীকে আমার প্রীতি নিবেদন করি । সকল ছাত্রছাত্রীকে আন্তরিক শুভেচ্ছা জানাই ।

এবাবের নববর্ষ এক অভূতপূর্ব সংকটের মধ্যে উদ্যাপিত হচ্ছে । কোভিড-১৯ বা করোনা অতিমারি গোটা বিশ্বকে সন্ত্রস্ত করেছে । মৃত্যু ও ব্যাধির প্রাদুর্ভাব হয়েছে ভারত তথা পশ্চিমবঙ্গেও । শোক ও সতর্কতার মধ্য দিয়েই আমরা চলেছি ।

শুধুই শোক ও সতর্কতা নয়, কর্মেরও প্রয়োজন আছে । অতিমারি রোধে রাষ্ট্র ও সমাজকে বহুবিধ কর্মে নিরত হতে হচ্ছে । সেই কর্মজ্ঞে আমরাও শামিল হয়েছি । রাজ্যের তথা দেশের একটি অগ্রণী প্রতিষ্ঠান হিসেবে কলকাতা বিশ্ববিদ্যালয় তার দায়িত্বশীল ভূমিকা পালন করে চলেছে ।

আমরা রাজ্য ভাগ তহবিলে আর্থিক অনুদান দিয়েছি । আমাদের বিভিন্ন শিক্ষক সংগঠন, আধিকারিক সংগঠন, শিক্ষাকর্মী সংগঠন এবং ছাত্র সংগঠনগুলি অনুরূপ আর্থিক সহায়তা দিয়েছে । অনেক শিক্ষক, আধিকারিক, শিক্ষাকর্মী ও ছাত্রছাত্রী ব্যক্তিগত স্তরে নিজ নিজ সাধ্য অনুযায়ী আর্থিক অনুদান দিয়েছেন । আমি তাঁদের সবাইকে আন্তরিক ধন্যবাদ জানাই ।

গবের কথা, বিপর্যয়ের মোকাবিলায় বিভিন্ন বিভাগীয় প্রয়াসও সূচিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের তরফ থেকে হ্যান্ড স্যানিটাইজার, মাস্ক প্রভৃতি তৈরি করে মানুষের প্রয়োজনে রাজ্যের হাতে তুলে দেওয়া হয়েছে। ক্লিষ্ট ছাত্রছাত্রীদের মনস্তাত্ত্বিক প্রয়োজন মেটাতে এগিয়ে এসেছেন আমাদের সহকর্মীরা। এই সব উদ্যোগই সাধুবাদযোগ্য।

সাধারণতাবে আমাদের সকল শিক্ষক সহকর্মীরা অনলাইন ক্লাসের মাধ্যমে ছাত্রছাত্রীদের প্রয়োজনীয় পাঠ দিয়ে চলেছেন। সকল অসুবিধার মধ্যেও এই কর্তব্য পালন ও সহমর্মিতা জ্ঞাপন বিশেষতাবে অভিনন্দনযোগ্য। আমি আমার সকল শিক্ষক সহকর্মীকে এর জন্য ধন্যবাদ জানাই।

সংকটীর্ণ নববর্ষে সকলকে আমার প্রীতি নিবেদন করি।

গোপনী চক্রবর্তী  
বন্দ্যোপাধ্যায়

উপাচার্য  
কলকাতা বিশ্ববিদ্যালয়